গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৭৬৬ তারিখ: ২০/০৬/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (অষ্টম সপ্তাহের জন্য) প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীকে শিক্ষা ব্যবস্থার সাথে সম্পৃক্ত রাখতে ২০২০ শিক্ষাবর্ষের ন্যায় ২০২১ শিক্ষাবর্ষের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নির্ধারণ করা হয়েছে। মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর জন্য নির্ধারণকৃত অষ্টম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রেরণ করা হলো। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির কারণে দেশের যে সকল এলাকা কঠোর লকডাউন/বিধি-নিষেধের আওতায় রয়েছে সে সকল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলমান এ্যাসাইনমেন্ট বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ যেন কোনো ভাবেই উপেক্ষিত না হয়।

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির অষ্টম সপ্তাহের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ **সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত: এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (অষ্টম সপ্তাহের জন্য)**

20.06.2021
**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, সকল জেলা
৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[এ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি

# Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2021

**Class: Six** **Subject: English**

| Assignment Serial | Lesson and name of the lesson | Assignments | Instructions | Assessment Rubrics |
|---|---|---|---|---|
| Assignment-3 | **Lesson 5:**<br>Thanks for your work | Think of a person who is a service provider in your school/ locality or at your home. We know, during the lockdown some of these people lost their jobs and thus faced different types of problems.<br>Make a **poster** on one such person answering the following questions.<br>1. What is his/her name?<br>2. Where does he/she live?<br>3. What does he/she do?<br>4. How does his/her work help you/your family?<br>5. When does he/she start and finish work?<br>6. How does he/she do the work?<br>7. Is he/she satisfied with the job? Why or why not?<br>8. What was his/her problems/ challenges during Covid-19?<br>9. Could he manage to overcome those challenges? How/ if not, why not?<br>10. How are you personally benefitted from this person?<br>**If possible provide a picture or photo of that person but it is not mandatory.** | This is **a poster presentation**. So you have to assess the poster following the assessment rubrics. | **Excellent:**<br>• Student presents information for all 10 questions.<br>• The presentation has no spelling error.<br>• Student's use of vocabulary is appropriate and varied.<br>• All sentences are grammatically correct.<br>**Very good:**<br>• Student presents information for at least 8 questions.<br>• The presentation has occasional spelling error.<br>• Student's use of vocabulary is generally appropriate and varied with some slips.<br>• A few grammatical errors are evident.<br>**Good:**<br>• Student presents information for at least 6 questions.<br>• Half of the presentation has spelling error.<br>• Student's use of vocabulary is limited.<br>• Half of the presentation has grammatical errors.<br>**Needs improvement:**<br>• Student presents information for at least 4 questions.<br>• There are frequent spelling errors.<br>• Student's use of vocabulary is extremely limited with many inappropriate uses.<br>• There are frequent grammatical errors (more than half of the sentences are grammatically inaccurate). |

# Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2021

**Class: Seven** **Subject: English**

<table>
<tr><th>Assignment Serial</th><th>Chapter and Title of the Chapter</th><th>Lesson no and Title</th><th>Assignment</th><th>Instruction</th><th colspan="2">Assessment Rubrics</th></tr>
<tr><td rowspan="16">Assignment-3</td><td rowspan="16">Unit- 3:<br>What are friends for?</td><td rowspan="16">Lesson- 4:<br>A Sad day of Farabi<br>Other lessons<br>• Lesson-1: Prize-giving day at school<br>• Lesson 2: Flora's first day at school (1)<br>• Lesson 3: Flora's first day at school (2)<br>• Lesson 5: The best friend</td><td rowspan="16">Make a list of three activities that you can do for your friends during the present pandemic situation. Of the three activities:<br>1. Which one do you prefer most?<br>2. What problems may you face to fulfill?<br>3. How do you solve the problems?</td><td rowspan="16">Teacher will check students' answer script following assessment rubrics.</td><td>Making a list of 3 activities</td><td rowspan="4">Excellent</td></tr>
<tr><td>Finding out the problems and the way of solving these problems</td></tr>
<tr><td>Sentences grammatically correct</td></tr>
<tr><td>Correct spelling</td></tr>
<tr><td>Making a list of 2/3 activities</td><td rowspan="4">Very good</td></tr>
<tr><td>Partially finding out the problems and the way of solving these problems</td></tr>
<tr><td>Sentences grammatically correct with few mistakes</td></tr>
<tr><td>Correct spelling with few mistakes</td></tr>
<tr><td>Making a list of 1/2 activities</td><td rowspan="4">good</td></tr>
<tr><td>Frequently struggle to find out the problems and the way of solving these problems</td></tr>
<tr><td>Sentences grammatically correct with frequent mistakes</td></tr>
<tr><td>Correct spelling with frequent mistakes</td></tr>
<tr><td>Making a list of 0/1 activity</td><td rowspan="4">Needs improvement</td></tr>
<tr><td>cannot find out the problems and the way of solving these problems</td></tr>
<tr><td>Sentences grammatically correct with a lot of mistakes</td></tr>
<tr><td>Correct spelling with a lot of mistakes</td></tr>
</table>

# Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19, 2021

**Class: Eight** **Subject: English**

| Assignment Serial | Unit and Unit Tittle | Lesson no and Title | Assignment | Instruction | Assessment Rubrics |
|---|---|---|---|---|---|
| Assignment-2 | **Unit-2:**<br>Food and nutrition | Lesson-1:<br>Good Food<br><br>Lesson-2:<br>Kind od food<br><br>Lesson-3:<br>Our daily diet<br><br>Lesson-4:<br>A delicious dish<br><br>Lesson-5:<br>A little Plant | **Lesson-4: A delicious dish**<br>Think about one of your favourite dishes.Talk to one of your family members who knows cooking and note it down. Then prepare the dish . Now narrate the steps how you have prepared the dish. | Students are asked to observe all the steps carefully and narrate accordingly. | **Excellent:**<br>Students will be awarded 'Éxcellent' for relevant information, appropriate content & grammar, spelling, punctuation, complete communication and creativity.<br><br>**Very Good:**<br>Students will be awarded 'Vèry Good' for relevant information, appropriate content and grammar, spelling, punctuation, partial communication and creativity.<br><br>**Good:**<br>Students will be awarded 'Good' for inadequate content, errors in grammar, spelling & punctuation mistakes, less communication and creativity.<br><br>**Needs Improvement:**<br>Students will be awarded 'Needs Improvement' for irrelevant information, inappropriate content, frequent grammar, spelling and punctuation mistakes along with incomplete communication and creativity. |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: চারু ও কারুকলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **তৃতীয় অধ্যায়:** বাংলাদেশের লোকশিল্প ও কারুশিল্প | পাঠ- ১:<br>লোকশিল্পের ধারণা<br><br>পাঠ- ৪:<br>কারুশিল্পের ধারণা<br><br>পাঠ- ২ ও ৩:<br>বাংলাদেশের লোকশিল্পের পরিচয়<br><br>পাঠ- ৫ ও ৬:<br>বাংলাদেশের কারুশিল্পের পরিচয় | লোকশিল্পের যে কোনো একটি উপাদান প্রস্তুতকরণ।<br><br>সংকেত:<br>১। মাটির পাত্রে রঙ দিয়ে মনের মতো করে নকশা তৈরি<br>২। কাগজে নকশা অঙ্কন<br>৩। কাগজের বা অন্য উপজকরণে হাত পাখা তৈরি<br>৪। মনের মতো যে কোনো উপাদান<br>৫। যেকোনো উৎস্য ব্যবহার করে ধারণা নেয়া যেতে পারে। | • যে কোনো আকারের মাটির পাত্রে বিভিন্ন রঙ ব্যবহার করে নকশা করা যাবে এবং সহজলভ্য মাটির পাত্র, সহজলভ্য রঙ ব্যবহার করা যাবে<br>• যে কোনো কাগজে যে কোনো নকশা করা যাবে (যে কোনো মাধ্যমের রঙ ব্যবহার করা যাবে)<br>• সহজলভ্য রঙ ব্যবহার করা যাবে<br>• প্রস্তুতকৃত উপাদানটি সহজে পরিবহণযোগ্য, জমাদানের উপযোগী হতে হবে | **অতি উত্তম:**<br>• পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>• আঁকার ও আকৃতির নির্ধারন যথার্থ ও নান্দনিক<br>• নকশার সঠিক ও আকর্ষনীয় প্রয়োগ<br>• উজ্জ্বল ও যথাযথ রঙের ব্যবহারে দক্ষতা<br>**উত্তম:**<br>• অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>• আঁকার ও আকৃতির নির্ধারন যথার্থ<br>• অনেকাংশে নকশার সঠিক ও আকর্ষনীয় প্রয়োগ<br>• রঙের ব্যবহারে দক্ষতা<br>**ভালো:**<br>• বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>• আঁকার ও আকৃতির নির্ধারন মোটামুটি যথার্থ ও নান্দনিক<br>• নকশার সঠিক প্রয়োগ<br>• রঙের ব্যবহারে অনেকাংশে দক্ষতা,<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>• আঁকার ও আকৃতির নির্ধারণে যথার্থতাও নান্দনিকতার অনুপস্থিতি<br>• রঙের ব্যবহারে/ রঙ নির্বাচনে দুর্বলতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** | **বিষয়: চারু ও কারুকলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: চিত্রকলা সর্বকালে সব মানুষের ভাষা | পাঠ-১<br>পাঠ-২ | ঘর-বাড়ি, গাছ-পালাসহ এমন একটা দৃশ্য পেন্সিল বা রং পেন্সিল/প্যাস্টেলের মাধ্যমে আঁক যা দেখে সবাই বুঝতে পারে এটা তোমার দেখা কোন গ্রাম বা মহল্লা। | পাঠ্যপুস্তকের শেষে দেয়া দৃশ্য, পারিপার্শ্বিক অনুষঙ্গ/প্রয়োজনবোধে ইন্টারনেটের ব্যবহার | • ড্রইং, বিষয় সাজানো এবং রঙের সঠিক প্রয়োগ হলে- অতি উত্তম<br>• ড্রইং, বিষয় সাজানো এবং রঙের প্রয়োগ মোটামুটি হলে- উত্তম<br>• সাধারণ মানের ড্রইং, বিষয় সাজানো এবং রঙের প্রয়োগে- ভালো<br>• কোন রকম আঁকলে বা রঙ প্রয়োগ- অগ্রগতি প্রয়োজন |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: চারু ও কারুকলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের অভ্যুদয়ে চারুশিল্প ও শিল্পীরা | পাঠ: ১<br><br>পাঠ: ২<br>চারু ও কারুকলা ইনস্টিটিউট<br><br>পাঠ: ৩<br>শহীদ মিনার ও ছয় দফা<br><br>পাঠ: ৪<br>আলপনা<br><br>পাঠ: ৫<br>নবান্ন ও বাংলা নববর্ষ<br><br>পাঠ: ৬<br>স্বাধীনতা ও বিপ্লবী চিত্রের মিছিল | সার্বজনীন উৎসব হিসাবে বাংলা নববর্ষ উদযাপনের জন্য তোমার পরিবার/এলাকায় কী ধরনের উৎসবের আয়োজন করতে পারবে তার একটি পরিকল্পনা প্রণয়ন কর।<br><br>সংকেত:<br>০১। বাংলা নববর্ষকে কেন সার্বজনীন উৎসব বলতে পারি-ব্যাখ্যা কর।<br><br>০২। বাংলা নববর্ষ কীভাবে উদযাপন কর?<br><br>০৩। তোমাদের এলাকায় বৈশাখী মেলা হয় কী না! হলে কী ধরনের পণ্য মেলায় বিক্রি হয়? | বিগত বছরগুলোতে তোমার পরিবার/এলাকায় কীভাবে দিনগুলো উদযাপন করা হত তার আলোকে লিখ। | অতি উত্তম:<br>• বাংলা নববর্ষকে সার্বজনীন উৎসব হিসাবে সংজ্ঞায়িত করতে পারা<br>• একটি ধারাবাহিক ও সঠিক পরিকল্পনা তৈরি করা<br>• বৈশাখী মেলায় পাওয়া যায় এমন ৫/৬ টি পণ্যের নাম উল্লেখ করতে পারা<br>উত্তম:<br>• বাংলা নববর্ষ উৎসব কি? সঠিক তথ্যসহ বুঝিয়ে লিখতে পারা<br>• একটি ধারাবাহিক পরিকল্পনা তৈরি করা<br>• বৈশাখী মেলায় পাওয়া যায় এমন ৫/৬ টি পণ্যের নাম উল্লেখ করতে পারা<br>ভাল:<br>• বাংলা নববর্ষ উৎসবের কিছ সঠিক তথ্য দেয়া<br>• কিছু অগোছালো একটি পরিকল্পনা তৈরি করা<br>• বৈশাখী মেলায় পাওয়া যায় এমন ৫/৬ টি পণ্যের নাম উল্লেখ করতে পারা<br>অগ্রগতি প্রয়োজন:<br>• বাংলা নববর্ষ উৎসব সম্পর্কে অগোছালোভাবে কিছু লিখতে পারা<br>• বাংলা নববর্ষ উৎসবের কিছু সঠিক তথ্য দেয়া<br>• কিছু অগোছালো একটি পরিকল্পনা তৈরি করা<br>• বৈশাখী মেলায় পাওয়া যায় এমন ৪/৫ টি পণ্যের নাম উল্লেখ করতে পার |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | কবিতা | বঙ্গবাণী- আবদুল হাকিম | "বঙ্গবাণী ও কপোতাক্ষ নদ উভয় কবিতাতেই মাতৃভাষা প্রীতির মাধ্যমে দেশপ্রেম প্রকাশ পেয়েছে" - মন্তব্যটির স্বপক্ষে তোমার যৌক্তিক মত উপস্থাপন কর। | শিক্ষার্থীরা পাঠ্যবই থেকে 'বঙ্গবাণী' ও 'কপোতাক্ষ নদ' কবিতা দুটি ভালোভাবে পড়ে এ্যাসাইনমেন্টটি সম্পন্ন করবে। | অতি উত্তম:<br>• 'বঙ্গবাণী' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• 'কপোতাক্ষ নদ' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• যৌক্তিক বিশ্লেষণ করতে পারা<br>• লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>উত্তম:<br>• 'বঙ্গবাণী' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• 'কপোতাক্ষ নদ' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• যৌক্তিক বিশ্লেষণ করতে পারা<br>• লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>ভালো:<br>• 'বঙ্গবাণী' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• 'কপোতাক্ষ নদ' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করা<br>• যৌক্তিক বিশ্লেষণ আংশিক করতে পারা<br>• লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>• 'বঙ্গবাণী' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করতে না পারা<br>• 'কপোতাক্ষ নদ' কবিতা থেকে মাতৃভাষা প্রীতির উল্লেখ করতে না পারা<br>• যৌক্তিক বিশ্লেষণ করতে না পারা<br>• লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: উচ্চতর গণিত**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | দ্বিতীয় অধ্যায়: বীজ গাণিতিক রাশি | এক চলক বিশিষ্ট বহুপদী: বহুপদীর গুণ ও ভাগ বহুপদীর উৎপাদক বিশ্লেষণ (ভাগশেষ উপপাদ্য ও উৎপাদক উপপাদ্য)<br><br>সমমাত্রিক, প্রতিসম এবং চক্র-ক্রমিক রাশি (অনুর্ধ্ব তিন চলক)<br><br>মূলদ ভগ্নাংশকে আংশিক ভগ্নাংশে প্রকাশ | এমন দুইটি ত্রিমাত্রিক বহুপদী $P(x)$ ও $Q(x)$ নির্ণয় কর যাদের একটি সাধারণ উৎপাদক $(x - 2)$, ধ্রুবপদ 24 এবং অন্য উৎপাদকগুলো একমাত্রিক। বহুপদী দুইটির একটিকে হর ও অপরটিকে লব ধরে গঠিত ভগ্নাংশটিকে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। | উচ্চতর গণিত পাঠ্যবইয়ের দ্বিতীয় অধ্যায়ে আলোচিত একচলক বিশিষ্ট বহুপদী ও আংশিক ভগ্নাংশে প্রকাশ সম্পর্কে সম্যক ধারণা নিয়ে সমস্যার সমাধান করবে।<br>এখানে উল্লেখ্য যে, এক্ষেত্রে দুইয়ের অধিক ত্রিমাত্রিক বহুপদী নির্ণয় করা সম্ভব। তাই সুবিধামত দুইটি ত্রিমাত্রিক বহুপদী নিয়ে গঠিত ভগ্নাংশকে আংশিক ভগ্নাংশে প্রকাশ কর। | ২(i) দুইটি ত্রিমাত্রিক বহুপদী নির্ণয়।<br><br>২(ii) আংশিক ভগ্নাংশের সূত্রে প্রকাশ।<br><br>২(iii) আংশিক ভগ্নাংশে প্রকাশ।<br><br>অতি উত্তম:<br>সবগুলো অর্জিত হয়েছে।<br><br>উত্তম:<br>যে কোনো ২টি অর্জিত হয়েছে।<br><br>ভালো:<br>যে কোনো ১টি অর্জিত হয়েছে।<br><br>অন্যথায় অগ্রগতি প্রয়োজন। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: কৃষি শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: কৃষি প্রযুক্তি | ৪র্থ পরিচ্ছেদ:<br>• বীজ সংরক্ষণ<br>ক্লাশ ১: বীজ সংরক্ষণের শর্তসমূহ<br>ক্লাশ ২: বীজ প্রক্রিয়াজাতকরণ ও বীজ সংরক্ষণের গুরুত্ব<br>ক্লাশ ৩: বীজ সংরক্ষণের পদ্ধতি<br><br>৫ম পরিচ্ছেদ:<br>• খাদ্য সংরক্ষণ<br>ক্লাশ ১: মাছের খাদ্য সংরক্ষণের প্রয়োজনীয়তা ও সঠিক খাদ্য সংরক্ষণের পদ্ধতি।<br>ক্লাশ ২: পশুপাখির খাদ্য সংরক্ষণের প্রয়োজনীয়তা ও সংরক্ষণের পদ্ধতি।<br><br>৬ষ্ঠ পরিচ্ছেদ:<br>• মাছের সম্পূরক খাদ্য<br>ক্লাশ ১: মাছের সম্পূরক খাদ্যের পরিচিতি ও প্রয়োজনীয়তা, সম্পূরক খাদ্যের উৎস ও উপকারিতা, মাছের পুষ্টিচাহিদা, ও সম্পূরক খাদ্য তালিকা।<br>ক্লাশ ২: মাছের সম্পূরক খাদ্য প্রস্তুত প্রণালী ও সম্পূরক খাদ্য প্রয়োগ পদ্ধতি।<br>ক্লাশ ৩: পশু পাখির সম্পূরক খাদ্য, বিভিন্ন সম্পূরক খাদ্য তৈরি ও প্রয়োগ পদ্ধতি।<br>ক্লাশ ৪: গবাদি পশুকে অ্যালজি বা শেওলা খাওয়ানো। | একজন ধানচাষী চটের বস্তায় ধানের বীজ সংরক্ষণ করে বীজতলায় বপন করলে খুব কম সংখ্যক বীজ অংকুরিত হয়। অন্যদিকে এক জন দুগ্ধ খামার মালিক বছরব্যাপী তার গাভীগুলোকে কাঁচা ঘাস সরবরাহ করেন। কিন্তু হঠাৎ বন্যার কারণে তার গাভীগুলো মারাত্মক খাদ্য সংকটে পড়ে। উপরোক্ত ধানচাষী ও দুগ্ধ খামারী কী কী ব্যবস্থা গ্রহণ করে বীজ ও ঘাস সংরক্ষণ করলে এ সংকটে পড়তেন না। এ ব্যাপারে তোমার মতামতসহ একটি প্রতিবেদন তৈরি কর। | ১. শিক্ষার্থী পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ের চতুর্থ ও পঞ্চম পরিচ্ছেদের ধারণা নিবে<br>২. প্রয়োজনে অভিজ্ঞ কৃষকের ও দুগ্ধ খামারির পরামর্শ নিবে<br>৩. বাবা মায়ের পরামর্শ নিতে পারে<br>৪. বিষয় শিক্ষকের সাথে আলোচনা করতে পারে<br>৫. প্রয়োজনে ইন্টারনেটের সাহায্য নিবে<br>৬. নিজ হাতে এ্যাসাইনমেন্ট লিখবে | অতি উত্তম:<br>১. ধান বীজ সংরক্ষণ ও গবাদী পশুর কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতিগুলি সঠিকভাবে উল্লেখ করলে<br>২. ধানবীজ সংরক্ষণ ও গবাদী পশুর কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতির সঠিক বর্ণনা<br>৩. বর্ণনায় লক্ষনীয় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>উত্তম:<br>১. ধানবীজ সংরক্ষণ ও গবাদী পশুর কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতির অধিকাংশ নাম উল্লেখ করলে<br>২. ধানবীজ সংরক্ষণ ও গবাদী পশুর কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতির অধিকাংশক্ষেত্রে সংগতিপূর্ণ বর্ণনা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>ভালো:<br>১. ধানবীজ ও কাঁচা ঘাসের ১টি করে সংরক্ষণ পদ্ধতি উল্লেখ করলে<br>২. ধানবীজ সংরক্ষণ ও গবাদী পশুর কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতির মোটামুটি সংগতিপূর্ণ বর্ণনা<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১. ধানবীজ ও কাঁচা ঘাস সংরক্ষণ সম্পর্কে ধারণার অভাব<br>২. ধানবীজ সংরক্ষণ ও কাঁচা ঘাস সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে ধারণার অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** | **বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | ষষ্ঠ অধ্যায়: শিশুর বর্ধন ও বিকাশ | পাঠ- ১: বর্ধন ও বিকাশের ধারণা<br><br>পাঠ- ২: বিকাশের স্তর<br><br>পাঠ- ৩: বিকাশমূলক কার্যক্রম<br><br>পাঠ- ৪ ও ৫: শিশুর বিকাশে বংশগতি ও পরিবেশ | বর্তমানে তোমার পরিবারে যে সকল সদস্য রয়েছেন তারা বিকাশের কে কোন পর্যায়ে অবস্থান করছেন তা শনাক্ত কর এবং তাদের বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। (নিচের প্রশ্নগুলোর ব্যাখ্যা কর।)<br><br>১। তোমার পরিবারে কে কে রয়েছে?<br>২। একটি ছকের মাধ্যমে তারা বিকাশের কে কোন পর্যায়ে রয়েছে তা উল্লেখ করে কয়েকটি বৈশিষ্ট্য তুলে ধরো।<br>৩। তুমি কি মনে কর তাদের পর্যায় অনুযায়ী যথাযথ আচরণ করছে? ব্যাখ্যা কর। | | অতি উত্তম:<br>১। বিকাশের স্তরগুলো চিহ্নিত করতে পারা।<br>২। বিকাশের স্তরগুলো ধারাবাহিকভাবে বর্ণনা করতে পারা<br>৩। বিকাশের সবগুলো স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারা।<br>৪। লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে ঠিক থাকা<br><br>উত্তম:<br>১। বিকাশের স্তরগুলো চিহ্নিত করতে পারা।<br>২। বিকাশের স্তরগুলো ধারাবাহিকভাবে বর্ণনা করতে পারা<br>৩। বিকাশের সবগুলো স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারা।<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে ঠিক থাকা<br><br>ভালো:<br>১। বিকাশের স্তরগুলো চিহ্নিত করতে পারা।<br>২। বিকাশের স্তরগুলো ধারাবাহিকভাবে বর্ণনা করতে পারা<br>৩। আংশিকভাবে বিকাশের সবগুলো বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারা।<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠনে আংশিক ঠিক থাকা<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১। বিকাশের স্তরগুলো চিহ্নিত করতে পারা।<br>২। বিকাশের স্তরগুলো আংশিকভাবে বর্ণনা করতে পারা<br>৩। আংশিকভাবে বিকাশের সবগুলো বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে না পারা।<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৫। বানান ও বাক্য গঠনে আংশিক ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: অর্থনীতি**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: অর্থনীতি পরিচয় | ১.১ অর্থনীতির উৎপত্তি ও বিকাশ<br>১.২ দুটি মৌলিক অর্থনৈতিক সমস্যা : দুষ্প্রাপ্যতা ও অসীম অভাব<br>১.৩ অর্থনীতির ধারণা<br>১.৪ অর্থনীতির দশটি নীতি<br>১.৫ আয়ের বৃত্তাকার প্রবাহ (দুটি খাত)<br>১.৬ বিভিন্ন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা | 'আমরা কি উৎপাদন করবো? উৎপাদনে কি প্রযুক্তি ব্যবহার করবো? উৎপাদিত পণ্য কাদের জন্য প্রযোজ্য? - এই প্রশ্নগুলোর উত্তর প্রদানই হচ্ছে একেক দেশের, একেক অর্থনৈতিক ব্যবস্থার প্রধান কাজ।'- এ সম্পর্কে ৩০০ শব্দের মধ্যে একটি প্রবন্ধ লিখ।<br><br>সংকেত:<br>• সূচনা<br>• বিভিন্ন অর্থব্যবস্থার বর্ণনা<br>• বিভিন্ন অর্থব্যবস্থার মধ্যে তুলনা<br>• উপসংহার | • পাঠ্যপুস্তক/ইন্টারনেট/ শিক্ষকের সহায়তায় বিভিন্ন অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা নিবে।<br>• সহপাঠী/শিক্ষক/ ও অভিভাবকের কাছ থেকে জেনে বিভিন্ন অর্থ ব্যবস্থার বৈশিষ্ট্যর মধ্যেকার তুলনা করতে পারবে। | ১। চারটি অর্থব্যবস্থা সঠিকভাবে উপস্থাপন<br>২।চারটি অর্থব্যবস্থার বৈশিষ্ট্যের বিবরণের যথার্থতা<br>৩। চারটি অর্থব্যবস্থার মধ্যে তুলনার যৌক্তিকতা<br><br>অতি উত্তম:<br>• ৩টি ধাপ যথার্থভাবে উপস্থাপন করতে পেরেছে।<br><br>উত্তম:<br>• ২টি ধাপ যথার্থ এবং ১টি ধাপ দুর্বল/আংশিক/ভুলভাবে উপস্থাপন<br><br>ভালো:<br>• ২টি ধাপ পূর্ণভাবে উপস্থাপন এবং ১টি ধাপের বর্ণনা না করা।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>• ৩টি ধাপই দুর্বল/আংশিক/ভুলভাবে উপস্থাপন করেছে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: চারু ও কারুকলা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | প্রথম অধ্যায়: শিল্পকলা | পাঠ: ১-শিল্পকলা<br>পাঠ: ২-শিল্পকলার শ্রেণিবিভাগ<br>পাঠ: ৩-<br>পাঠ: ৪-<br>পাঠ: ৫-<br>পাঠ: ৬-শিল্পকলা চর্চার গুরুত্ব<br>পাঠ: ৭-<br>পাঠ: ৮-<br>পাঠ: ৯-<br>পাঠ: ১০-শিল্পকলার গুরুত্বপূর্ণ অংশ: চিত্রকলা ও কারুকলা<br>১.৭ পাঠ: ১১- | তোমার বাসায় যেসব কারুশিল্প রয়েছে, পেনসিলের মাধ্যমে সেগুলোর রেখাচিত্র অঙ্কন কর। | বাসায় ব্যবহার্য দৈনন্দিন তৈজসপত্র থেকে,পাঠ্যপুস্তক থেকে, ইন্টারনেট থেকে। (জাতীয় জাদুঘর, সোনারগাঁয়ের লোকশিল্প জাদুঘর ইত্যাদি) | অতি উত্তম:<br>বিষয়বস্তুর সঠিকতা। বিষয় সাজানোর দক্ষতা। সঠিক অঙ্কন দক্ষতা।<br><br>উত্তম:<br>বিষয়বস্তুর সঠিকতা। বিষয় সাজানোর দক্ষতা। সঠিক অঙ্কন দক্ষতা তুলনামূলক কম।<br><br>ভালো:<br>বিষয়বস্তুর সঠিকতা। বিষয় সাজানোর দক্ষতা কম ও অঙ্কন দক্ষতার অভাব।<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>বিষয়বস্তু ও সঠিকতা নেই। বিষয় সাজানোর দক্ষতার অভাব ও সঠিক অঙ্কন দক্ষতার অভাব। |